# ঢাবি ছাত্রদলের হল কমিটি গঠন নিয়ে যা বললেন সমন্বয়ক উমামা ফাতেমা



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হলে নতুন করে ছাত্রদলের আহ্বায়ক কমিটি গঠনের ঘটনাকে 'জুলাই অভ্যুত্থানের প্রতি বিশ্বাসঘাতকতা' হিসেবে মন্তব্য করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক কেন্দ্রীয় সমন্বয়ক ও মুখপাত্র উমামা ফাতেমা।

শুক্রবার (৮ আগস্ট) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ প্রতিক্রিয়া জানান।

উমামা ফাতেমা লেখেন, ২০২৪ সালের ১৭ জুলাই ঢাবির ১৮টি হলে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা হয়। সেই সিদ্ধান্তের বিরোধিতা করে তিনি ও কয়েকজন শিক্ষার্থী প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচিতে অংশ নিয়েছিলেন।

তার ভাষায়, গত বছরের ১৬ জুলাই আবু সাঈদের শাহাদাতের পর শিক্ষার্থীরা ক্যাম্পাস থেকে ছাত্রলীগের প্রভাবমুক্ত করার সাহস সঞ্চয় করেছিল। অথচ বছর না পেরোতেই আবারও গোপন রাজনৈতিক কার্যক্রম ও প্রকাশ্যে কমিটি গঠনের ঘটনা ঘটছে—যা তার মতে, 'জুলাই অভ্যুত্থানের সঙ্গে বিশ্বাসঘাতকতার শামিল'।

আজ রাতের মধ্যে কমিটি বাতিল না হলে শিক্ষার্থীরা কঠোর কর্মসূচিতে যাবে বলেও হুশিয়ারি দেন তিনি।

LENS ASIA